

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন -২ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০২২.১৫.১৩৮

তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৩
১৮ এপ্রিল ২০১৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এম এ মান্নান মেয়র, পিতাঃ মৃত কহিম উদ্দিন আকন্দ, গাজীপুর সিটি কর্পোরেশনের নির্বাচিত মেয়র; এবং

যেহেতু, জনাব এম এ মান্নান এর বিরুদ্ধে জয়দেবপুর থানার মামলা নং ৯(৯)১৪ এর অভিযোগপত্র বিজ্ঞ সিনিয়র স্পেশাল ট্রাইব্যুনাল জজ, গাজীপুর কর্তৃক গত ০২/০৯/২০১৫ খ্রিঃ তারিখে গৃহীত হয়েছে এবং


যেহেতু, জনাব এম এ মান্নান এর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগ পত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা মেয়র এর ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী এবং প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

সেহেতু, সরকার তাঁকে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ১২(১) ধারার বিধানবলে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ১২(১) ধারার বিধান অনুযায়ী গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব এম এ মান্নানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে-


২৮/৪/২০১৬
(সরোজ কুমার নাথ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

নং-৪৬.০০.০০০০.০৭১.২৭.০২২.১৫.১৩৮/১(৭)

তারিখঃ ১৮ এপ্রিল ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। জনাব এম এ মান্নান, মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

২। বিভাগীয় কমিশনার, ঢাকা।

৩। জেলা প্রশাসক, গাজীপুর।

৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন।

৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা(পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

৭। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।


২৮/৪/২০১৬
(সরোজ কুমার নাথ)